

ঢাকা ওয়াসা

বিষয়ঃ "Repairing Of 160 mm Dia HDPE Water Pipe Leakage at H#390, Sadhinota sarani, Family bazar, Uttar badda (DMA-804) under MODS Zone-8, Dhaka WASA." কাজ প্রসঙ্গে।

সংযুক্তি-১। ২০২৪-২০২৫ অর্থ বছরের অত্র জোনের বরাদ্দকৃত বাজেটের কপি।

সংযুক্তি-২। গ্রাহকের নিকট হতে প্রাপ্ত অভিযোগের কপি।

সংযুক্তি-৩। অনুমোদিত দরের কপি।

সংযুক্তি-৪। প্রস্তাবিত প্রাক্কলন।

সংযুক্তি-৫। আলোচ্য কাজের প্রতিবেদন।

১। সংযুক্ত ক্রমিক নং ১ হতে ৫ পর্যন্ত অনুগ্রহ করে দেখা যেতে পারে। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৮ এর আওতাধীন ডিএমএ-৮০৪ এর আওতাধীন হোল্ডিং নং-৩৯০, স্বাধীনতা সরণি, উত্তর বাড্ডা এলাকায় বসবাসরত জনসাধারণ এর নিকট হতে ওয়াসা লিংক 16162 এ পানির লাইনের লিকেজ ও ময়লা পানি পাওয়ার অভিযোগ পাওয়া গেছে। উক্ত অভিযোগের প্রেক্ষিতে এলাকা সমূহে সুষ্ঠুভাবে পানি সরবরাহ করার লক্ষ্যে পি.এল.এম. সহকারে সরেজমিনে সাইট পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে দেখা যায় যে, সিটি কর্পোরেশন কর্তৃক ময়লা পানি নিষ্কাশনের জন্য ডেন লাইন নির্মাণ কাজ চলা কালীন সময়ে অসাবধান বসত তারা আমাদের উক্ত এলাকায় ০২ (দুই) টি স্থানে বিদ্যমান ৬ ইঞ্চি ব্যাসের পানির পাইপ ছিদ্র করে ভেঙ্গে ফেলায় লিকেজ হয়ে প্রচুর পরিমাণ পানি অপচয় হচ্ছে। উক্ত লিকেজ এর স্থান দিয়ে ডেনের ময়লা পানি ওয়াসার পানির লাইনে প্রবেশ করে সংশ্লিষ্ট গ্রাহকদের হোল্ডিং এ যাচ্ছে এবং গ্রাহকগণ উক্ত ময়লা পানি পান করে বিভিন্ন পানি বাহিত রোগে আক্রান্ত হচ্ছে। যা বর্তমান সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণ করছে। ইতিপূর্বে বর্ণিত এলাকায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক ডেনেজ ব্যবস্থার নির্মাণ ও উন্নয়ন কাজ চলাকালীন সময়ে পানির লাইনের সুরক্ষার্থে প্রকল্প সংশ্লিষ্টদের সতর্কতার সাথে কাজ করার নির্দেশনা প্রদান করে পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া এতে ঢাকা ওয়াসার আর্থিক ক্ষতি হচ্ছে। পানির অপচয় রোধ করার জন্য অতি জরুরী ভাবে লিকেজটি মেরামত করা প্রয়োজন। অন্যথায় ময়লা পানি ঢাকা ওয়াসার পানির পাইপে ময়লা প্রবেশ করে বিভিন্ন ধরনের রোগ হয়ে জনসাধারণের দুর্ভোগের সৃষ্টি করবে। এতে করে ঢাকা ওয়াসার সুনাম ক্ষুণ্ণ ও ভাবমূর্তি নষ্ট হবে। আলোচ্য কাজটি করার জন্য ঢাকা ওয়াসার পূর্বানুমোদিত দর অনুযায়ী একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। যার টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৪৯,৮৭৭.০০২ (উনপঞ্চাশ হাজার আটশত সাতাত্তর দশমিক শূন্য দুই টাকা মাত্র) টাকা মাত্র (ক্রঃ নং-৪ দ্রঃ)। আলোচ্য কাজটির ব্যয়ভার চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার প্যাকেজ নং-1.69 (পানির লাইন রক্ষণাবেক্ষণ খাত) এ অন্তর্ভুক্ত আছে।

২। এমতাবস্থায়, "Repairing Of 160 mm Dia HDPE Water Pipe Leakage at H#390, Sadhinota sarani, Family bazar, Uttar badda (DMA-804) under MODS Zone-8, Dhaka WASA." শীর্ষক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজটির সর্বমোট ৪৯,৮৭৭.০০২ (উনপঞ্চাশ হাজার আটশত সাতাত্তর দশমিক শূন্য দুই টাকা মাত্র) টাকা মাত্র প্রাক্কলনটি PPR-2025 এর ৯৯(১) বিধির (ড) উপ-বিধি মোতাবেক NEHAN ENTERPRISE এর সাথে সরাসরি চুক্তির মাধ্যমে (DPM) সম্পাদন করার জন্য সদয় অনুমোদন দেয়া যেতে পারে। আলোচ্য কাজের অনুমোদন প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

120426
শেহ আহমেদ সাদিক সাদিক আল
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৮
ঢাকা ওয়াসা।

12.08.26
মোঃ মোস্তফা
সহকারী প্রকৌশলী
মডস জোন-৮
ঢাকা ওয়াসা

20/08/2026
অনুপম কুমার মন্ডল
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৮
ঢাকা ওয়াসা।

28/08/26
প্রকৌশলী মোঃ শাহ আলিম
উপসহকারী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।

GE, MODS-2

14/08/2026
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী